গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের বিবরণী

১.১	**প্রকল্পের নাম**	:	উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়)।		
১.২	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।		
১.৩	**বাস্তবায়নকারী সংস্থা**	:	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর		
১.৪	**প্রকল্পের অবস্থান**	:	বিভাগ	জেলা	উপজেলা
			৩	১৬	৮৬

১.৫	**প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)**	:	**মূল**	**সর্বশেষ সংশোধিত**
	মোট	:	৫৩৩১৬.০০	-
	জিওবি	:	৫৩৩১৬.০০	-

১.৬	**বাস্তবায়নকাল**	:	**মূল**	**সর্বশেষ সংশোধিত**
	শুরু	:	জুলাই ২০১৬	-
	শেষ	:	জুন ২০১৯	-

১.৭ প্রকল্পের উদ্দেশ্য:

- দরিদ্র ও সহায় সম্বলহীন জনগোষ্ঠিকে দুর্যোগকালে আশ্রয়ের ব্যবস্থা করা;
- গবাদিপশু, সম্পদ ও গৃহস্থালীর অন্যান্য মূল্যাবান দ্রব্যাদি/সামগ্রী দুর্যোগের হাতে রক্ষা/সংরক্ষণ করা; এবং
- আশ্রয়কেন্দ্রগুলোকে দুর্যোগ পরবর্তী সময়ে শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য জনহিতকর কাজে ব্যবহার করা।

১.৮ প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- মৃত্তিকা পরীক্ষা;
- ২২০টি বহমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ;
- ৩২০টি আরসিসি সংযোগ সড়ক নির্মাণ;
- সাইট উন্নয়ন ও গবাদিপশুর আশ্রয়কেন্দ্র;
- ডিপ টিউবওয়েল; এবং
- ৩২০টি সোলার প্যানেল

২. পরামর্শক প্রতিষ্ঠানের TOR:

২.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

২.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তাবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

২.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.৫ প্রকল্পের আওতায় সংগ্রহীত/সংগ্রহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা/পর্যবেক্ষণ;

২.৬ প্রকল্পের আওতায় সংগ্রহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ ToR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তাবায়ণ সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে কতামত প্রদান;

২.১১ SWOT Analysis;

২.১২ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

২.১৩ প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

২.১৪ নির্মিত/নির্মানাধীন আশ্রয় কেন্দ্রসমূহের গুণগত মান ও কার্যকারিতা পরীক্ষা করে প্রতিবেদনে আলোকপাত; এবং

২.১৫ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৩. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।
২.	(ক) টীম লিডারঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	• স্ট্রাকচারাল ডিজাইন, আর্কিটেকচারাল ডিজাইন, রেট সিডিউল, টেন্ডার ডকুমেন্টস, প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণা এবং সিভিল ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা থাকতে হবে; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে এবং • কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
	(খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ারঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	• সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রণয়নের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে এবং • কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
	(গ)আর্থ-সামাজিক বিশেষজ্ঞঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান/ অর্থনীতি/ সামাজিক বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী	• আর্থ-সামাজিক গবেষণা/ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
	(ঘ) ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিষ্টঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/অর্থনীতি/সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী	• সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/ডাটা ম্যানেজমেন্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৪. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্রঃ নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

৫. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:(যদি থাকে)

(ক) প্রকল্প দলিল;

(খ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রদত্ত প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন।